

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা
www.sylhet.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে 'নৈতিকতা কমিটির' সভার কার্যবিবরণী

সভাপতি: এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক, সিলেট
সভার স্থান: জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ
সভার তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০২১
সভার সময়: বেলা ১২.০০ ঘটিকা
উপস্থিত সদস্যবৃন্দ:

১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট
২. মিজ্ খোশনুর রুবাইয়াৎ, সহকারী কমিশনার, সিলেট
৩. মিজ্ রেহেনা আক্তার, সহকারী কমিশনার, সিলেট
৪. জনাব নীহার রঞ্জন শর্মা, প্রশাসনিক কর্মকর্তা, সিলেট


সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই সকলের অবগতির জন্য আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ হতে নির্দেশনাসমূহ পাঠ করে শোনানো হয়। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	নিজ নিজ কার্যালয়ে শুদ্ধাচার ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ এর নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করে ওয়েবসাইট হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২ এর নির্দেশনা মোতাবেক স্ব স্ব দপ্তরে কার্যক্রম গ্রহণ করে ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী কমিশনার (ভূমি), সকল ৩। সহকারী কমিশনার (সকল) ৪। প্রোগ্রামার, জেঃপ্রঃকাঃ, সিলেট
০২	নৈতিকতা কমিটির সভা নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন এবং সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়।	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক আবশ্যিকভাবে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী কমিশনার (ভূমি), সকল ৩। সহকারী কমিশনার (সকল)
০৩	২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা অধ্যাবধি ওয়েবসাইটে প্রকাশ হয়নি। দ্রুততম সময়ের মধ্যে অত্র কার্যালয়ের ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা গ্রহণ ওয়েবসাইটে আপলোডরণের বিষয়ে আলোচনা হয়। পাশাপাশি সংশ্লিষ্ট দপ্তরকে এ বিষয়ে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা গ্রহণ ও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী কমিশনার (ভূমি), সকল ৩। নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট
০৪	এ জেলার ওয়েবসাইটে প্রয়োজনীয় ক্ষেত্রে তথ্য আপলোডকরণ এবং সেবাবক্সসমূহ হালনাগাদকরণ বিষয়ে আলোচনা হয়।	সেবাবক্সসমূহ নিয়মিত হালনাগাদ করতে হবে।	৩। সহকারী কমিশনার (আইসিটি শাখা) ৪। প্রোগ্রামার, জেঃপ্রঃকাঃ, সিলেট

✓

ক্রমিক	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৫	২০২০-২০২১ অর্থবছরের অত্র কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় উল্লিখিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রযোজ্য ক্ষেত্রে নোটিশ, স্থির চিত্র, ভিডিও চিত্র ইত্যাদি সংশ্লিষ্ট দপ্তর/শাখা হতে নিয়মিত পাওয়া যায়নি। ফলে প্রত্যাশিত নম্বরের সাথে অর্জিত নম্বরের ব্যবধান পরিলক্ষিত হয়। ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির ক্ষেত্রে অনুরূপ বিষয়ের পুনরাবৃত্তি যাতে না হয়, সে বিষয়ে আলোচনা হয়।	২০২১-২০২২ অর্থবছরের অত্র কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় উল্লিখিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রযোজ্য ক্ষেত্রে নোটিশ, স্থির চিত্র, ভিডিও চিত্র ইত্যাদি কোয়ার্টারভিত্তিক প্রেরণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী কমিশনার (ভূমি), সকল ৩। সহকারী কমিশনার (সকল)

সভার শেষে কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চা নিশ্চিতকল্পে ও সুশাসন প্রতিষ্ঠায় উপস্থিত সকলকে আন্তরিক হওয়ার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সিলেট

☎ ০৮-২১-৭১৬১০০

ই-মেইল: dcsylhet@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.১৬.০১৬.১৮.১৮২

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮
৩০ সেপ্টেম্বর ২০২১

অনুলিপি:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
- ৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
- ৫। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), সিলেট
- ৬। সহকারী কমিশনার (ভূমি)..... (সকল), সিলেট
- ৭। সহকারী কমিশনার..... (সকল)
- ৮। জনাব.....সদস্য



এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সিলেট